**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 05-02-2026** **Desk in Charge: Kalyan L.**

**Time: 1-30 PM** **Compiling:- Shankar M.**

**DEO: KB** **NRT: Srijit R.**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ সংসদের উভয় সভার যৌথ অধিবেশনে রাষ্ট্রপতির ভাষণের ওপর ধন্যবাদসূচক প্রস্তাবটি, আজ লোকসভায় গৃহীত হয়েছে। # বিরোধীদের তুমুল হই-হট্টগোলের ফলে লোকসভার অধিবেশন আজ'ও দফায় দফায় ব্যাহত। # রাজ্যসভায় প্রধানমন্ত্রী আজ, রাষ্ট্রপতির অভিভাষণের ওপর ধন্যবাদ সূচক প্রস্তাব নিয়ে আলোচনার জবাবি ভাষণ দেবেন।

২/ সর্বোচ্চ আদালত, পশ্চিমবঙ্গের সরকারি কর্মীদের বকেয়া মহার্ঘ্য ভাতার অন্তত ২৫ শতাংশ অবিলম্বে মিটিয়ে দেবার জন্য রাজ্য সরকারকে নির্দেশ দিয়েছে। # বাকী ডি এ-র অর্থ কিভাবে এবং কখন দেওয়া হবে, তা' স্থিরকরার জন্য সুপ্রিম কোর্টের কমিটি গঠন।

৩/ ভোটমুখী পশ্চিমবঙ্গ বিধানসভায় আজ 'ভোট অন অ্যাকাউন্টস' পেশ করা হবে।

#মণিপুরে, নতুন মুখ্যমন্ত্রীর শপথ গ্রহণের পর আজ বিকেলে বিধানসভার অধিবেশন বসবে।

৪/ রাষ্ট্রসংঘের মহাসচিব অ্যান্টোনিও গুতরেজ, নতুন দিল্লিতে কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে আসন্ন আন্তর্জাতিক শিখর বৈঠকে যোগ দেবেন।

৫/ মহিলাদের প্রিমিয়ার লিগ ক্রিকেটের ফাইনালে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু, আজ দিল্লী ক্যাপিটালসের মুখোমুখি হবে ।

*********************************************************************

সংদদের যৌথ অধিবেশনে রাষ্ট্রপতির ভাষণের ওপর ধন্যবাদসূচক প্রস্তাব, লোকসভায় আজ গৃহীত হয়েছে। গত ২৮'শে জানুয়ারী  রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উভয় সভার যৌথ অধিবেষণে ভাষণ দেন। কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি সাংসদ সর্বানন্দ সোনে ওয়াল প্রস্তাবটি উত্থাপন করেন। আরেক সাংসদ তেজস্বী সূরিয়া, তাঁকে সমর্থন করেন।

লোকসভার অধিবেশন প্রথম দফায় বেলা ১২ টা পর্যন্ত মুলতুবি হয়ে যাওয়ার পর আবার অধিবেশন শুরু হলে, অধ্যক্ষ ওম বিড়লা, বিরোধী সদস্যদের আনা সংশোধনীর ওপর ভভটাভুটির প্রস্তাব দেন। বিরোধীদের তুমুল হই হট্টোগোলের মধ্যেই সভায় ধন্যবাদসূচক প্রস্তাব,  গৃহীত হয়। অধ্যক্ষ এরপর জানান, এরপর সভায় ২৬-২৭-এর কেন্দ্রীয় বাজেট নিয়ে আলোচনা শুরু হবে এবং প্রত্যেক সদস্য তাতে বলার সুযোগ পাবেন। অধ্যক্ষের বক্তব্যের সময়'ও বিরোধী সাংসদরা হই- হট্টোগোল চালিয়ে গেলে অধ্যক্ষ বেলা দু-টো পর্যন্ত লোকসভা মুলতুবি করে দেন।

এর আগে বেলা ১১-টায় অধিবেশন শুরু হওয়ার পর অধ্যক্ষ ওম বিড়লা বিরোধী সদস্যদের আচরণে উদ্বেগ প্রকাশ করে বলেন, সভার মর্যাদা এবং শোভনতার পরিপন্থী এই আচরণ। প্রশ্নোত্তরকালে আজ বিরোধীদের হই হট্টগোলের কারণে লোকসভা এর আগে দুপুর ১২ টা অব্দি মুলতুবি হয়ে যায়। বিরোধীরা লোকসভার মর্যাদা বজায় রাখতে না পারলে কোন অধ্যক্ষের পক্ষেই এই সভার কাজকর্ম সামলানো সম্ভব নয় বলেও আশঙ্কা প্রকাশ করেন শ্রী বিড়লা।

************************

সংসদ বিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু জানিয়েছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাজ্যসভায় রাষ্ট্রপতির ভাষণের ওপর ধন্যবাদ-সূচক প্রস্তাবের ওপর আলোচনার জবাব দেবেন। সভার বিরোধী নেতা মল্লিকার্জুন খাড়গের অভিযোগের বিষয়ে শ্রী রিজিজু বলেন যে, সব সাংসদরা প্রধানমন্ত্রীর বক্তব্য শুনতে আগ্রহী হলেও কংগ্রেস তা' চায়না। এটা তাদের ব্যাপার।

( বাইট- রিজিজু      )

লোকসভায় বিরোধী নেতা রাহুল গান্ধী দেশের স্বার্থে বলতে চাইলেও তাঁকে বলতে দেওয়া হয়নি বলে শ্রী খাড়গে যে অভিযোগ করেছেন, তা’ খন্ডন করে শ্রী রিজিজু বলেছেন যে, রাহুল গান্ধী সংসদীয় বিধি নিয়ম মানছিলেন না।

লোকসভার বিষয় নিয়ে রাজ্যসভায় কথা বলা যায়না বলে সরকার পক্ষের দাবী। যদিও বিরোধীরা তা’ খারিজ করে দিয়েছে।

************************

সুপ্রিম কোর্ট, পশ্চিমবঙ্গের রাজ্য সরকারি কর্মীদের বকেয়া মহার্ঘ্য ভাতার ২৫ শতাংশ, অবিলম্বে মিটিয়ে দেবার জন্য রাজ্য সরকারকে নির্দেশ দিয়েছে। রাজ্যকে আদর্শ নিয়োগকর্তা বা মডেল এমপ্লয়ার এর মতো আচরন করা ও কর্মচারীদের প্রতি ন্যায় বিচারের পরামর্শ দিয়েছে শীর্ষ আদালত।

বিচারপতি সঞ্জয় কারল এবং বিচারপতি প্রশান্ত কুমার মিশ্রের বেঞ্চ আজ এই নির্দেশ দিয়ে বলেছে, বাকি ৭৫ শতাংশ রাজ্য সরকার কিভাবে মেটাবে, তা’ ঠিক করতে চার সদস্যের একটি কমিটি গঠন করা হবে। এই কমিটিতে প্রাক্তন বিচারপতি ইন্দু মালহোত্রা, বিচারপতি তিলক সিং চৌহান, বিচারপতি গৌতম মাঘুরিয়া এবং একজন সদস্য থাকবেন। ৩১শে মার্চের মধ্যে বকেয়া টাকার প্রথম কিস্তি মেটাতে হবে। বাকি ৭৫ শতাংশ DA কিভাবে মেটানো হবে তা’ জানিয়ে কমিটিকে সুপ্রিম কোর্টে ১৫’ই এপ্রিলের মধ্যের রিপোর্ট আকারে উল্লেখ করতে হবে।

সুপ্রিম কোর্টে রাজ্য সরকারি কর্মীদের DA মামলায় আজকের এই নির্দেশের ফলে বর্তমান ও প্রাক্তন মিলিয়ে প্রায় ১২’লক্ষ সরকারি কর্মী উপকৃত হবেন। কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের সঙ্গে রাজ্য সরকারি কর্মীদের মহার্ঘ্য ভাতার ফারাক এখন ৪০ শতাংশ। ২০০৮ থেকে ২০১৯ সাল পর্যন্ত বকেয়া DA কর্মচারীদের প্রদান করতে হবে। মামলা চলাকালীন যারা চাকরি থেকে অবসর নিয়েছেন তারাও এই বকেয়া ভাতার সমস্ত সুবিধা পাবেন।

রাজ্য সরকারি কর্মচারীদের প্রথম থেকেই দাবি ছিল কেন্দ্রের মতো ডিএ দিতে হবে তাঁদের। এই নিয়ে মামলা গড়ায় সুপ্রিম কোর্ট পর্যন্ত।২০২৫ সালের মে মাসে পঞ্চম

বেতন কমিশনের বকেয়া ডিএ সংক্রান্ত মামলায় সুপ্রিম কোর্ট ২৫ শতাংশ ডিএ মেটানোর জন্য রাজ্য সরকারকে নির্দেশ দিয়েছিল। সময় বেঁধে দেওয়া হয় ছ'সপ্তাহ। রাজ্যের হিসাব অনুযায়ী, এই খাতে চল্লিশ হাজার কোটি টাকা বকেয়া রয়েছে। আদালতের নির্দেশ মেনে ২৫ শতাংশ অর্থাৎ ১০ হাজার কোটি টাকা বকেয়া দিতে হত রাজ্য সরকারকে। কিন্তু সরকার তা মেটাতে পারেনি। আরও ছ'মাস সময় চায় রাজ্য সরকার।

*********************

কলম্বোর গঙ্গারামাইয়া মন্দিরে পবিত্র 'দেভনিমোড়ি অবশেষ'-এর প্রদর্শনীর উদ্বোধন করার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, শ্রীলঙ্কার রাষ্ট্রপতি অনুরা কুমারা দেশানায়েকে-র প্রতি কৃতজ্ঞতা ব্যক্ত করেছেন।

এক সমাজমাধ্যম বার্তায় শ্রী মোদী ভগবার বুদ্ধের শান্তি, করুণা ও সম্প্রীতির বাণী স্মরণ করে বলেছেন, গত বছর এপ্রিলে তাঁর শ্রীলঙ্কার সফরের সময় এই পবিত্র দেহাবশেষ শ্রীলঙ্কায় নিয়ে আসার সিদ্ধান্ত নেওয়া হয়।

***********************

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে এবারের বিষয় প্রগতি। আজ শুনবেন পশ্চিমবঙ্গের জলপথের উন্নয়নে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন উদ্যোগ নিয়ে বিশেষ আলোচনা। কলকাতার শ্যামা প্রসাদ মুখার্জী বন্দরের চিফ ইঞ্জিনিয়ার শান্তনু মিত্রের সঙ্গে কথা বলেছেন দিব্য দে। আজ শুনবেন দ্বিতীয় তথা শেষ পর্ব।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

***********************

রাজ্য বিধানসভায় আজ অন্তর্বর্তী বাজেট প্রস্তাব পেশ করবেন অর্থ প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। একদিনের বিরতির পর আজ ফের অধিবেশন বসবে। শুরুতেই রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস বিধানসভায় বক্তব্য রাখবেন। পরে মুখ্যমন্ত্রীর ঘরে আয়োজিত হবে মন্ত্রিসভার বিশেষ বৈঠক। মন্ত্রিসভা বাজেট প্রস্তাবে অনুমোদন দেওয়ার পর বিধানসভায় তা পেশ করবেন অর্থ প্রতিমন্ত্রী।

আসন্ন বিধানসভা নির্বাচনের আগে রাজ্য সরকারি কর্মচারীদের ডিএ, বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্পে বরাদ্দ বৃদ্ধি, আশা কর্মীদের বেতন সহ অন্যান্য বিষয়ে বাজেট প্রস্তাবে কি ঘোষণা হয়, সেই দিকেই তাকিয়ে রয়েছেন রাজ্যবাসী।

এটিই সপ্তদশ বিধানসভার শেষ অধিবেশন। চলবে আগামী সোমবার পর্যন্ত।

************************

অর্থনীতির ক্ষেত্রে রাজ্যের অভ্যন্তরীণ উৎপাদন ২০১০-১১ সাল থেকে ৫ গুণ বৃদ্ধি পেয়ে ২১ দশমিক ৪৮ লক্ষ কোটি টাকায় পৌঁছেছে বলে রাজ্যপাল সিভি আনন্দ বোস জানিয়েছেন। আজ পশ্চিমবঙ্গ বিধানসভায় তাঁর অভিভাষণে তিনি বলেন, এই সময় মাথাপিছু আয় তিন গুণের বেশি বৃদ্ধি পেয়ে এক লক্ষ ৭৯ হাজার ৩৮৯ টাকায় পৌঁছেছে।

শহর ও গ্রামাঞ্চলে জীবিকা সংস্থানের লক্ষে দুই কোটির বেশি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হয়েছে বলে তিনি জানিয়েছেন। 'মহাত্মা শ্রী' প্রকল্পে রাজ্য সরকার তার নিজস্ব সম্পদ থেকে প্রায় ৫৯ লক্ষ শ্রমিকের বকেয়া মজুরি বাবদ দুই হাজার ৭০০ কোটি টাকা পরিশোধ করেছে বলে রাজ্যপাল তার ভাষণে উল্লেখ করেছেন।

************************

মণিপুরে আজ বিকেলে দ্বাদশ বিধানসভার সপ্তম অধিবেশন বসবে। মুখ্যমন্ত্রী ইউমনাম সিং শপথ গ্রহণের পর গতসন্ধ্যায় ক্যাবিনেট হলে প্রথম মন্ত্রিসভার বৈঠকে সভাপতিত্ব করেন। স্বরাষ্ট্রমন্ত্রকের তরফে গতকাল এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, সংবিধানের ৩৫৬ ধারার আওতায় রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, রাষ্ট্রপতি শাসন জারির এই নির্দেশিকা প্রত্যাহার করে নিয়েছেন।

ইম্ফলের লোকভবনে রাজ্যপাল অজয় কুমার ভল্লা ইউমনাম সিং-কে শপথবাক্য পাঠ করান। শপথ গ্রহণের পর সাংবাদিকদের মুখ্যমন্ত্রী বলেন, মণিপুর, ২০৪৭-এ বিকশিত ভারতের লক্ষ্য পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোডি, মণিপুরের নতুন মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নেওয়ায় খেমচাঁদ সিং-কে শুভেচ্ছা জানিয়েছেন।

অপর দুই বিধায়ক বিজেপির নেমচা কিপগেন এবং NPF-এর লোসি ডিখো। উপমুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন।

উল্লেখ্য, তৎকালীন মুখ্যমন্ত্রী এন বীরেন সিং-এর পদত্যাগের পর গত বছর ১৩'ই ফেব্রুয়ারী মণিপুরে রাষ্ট্রপতি শাসন জারি করা হয়।

***********************

ছত্তিশগড়ের বিজাপুরে আজ সকালে নিরাপত্তা রক্ষী বাহিনীর সঙ্গে সংঘর্ষে এক মাওবাদী মারা গেছে। নির্দিষ্ট খবরের ভিত্তিতে, বিজাপুর জেলার দক্ষিণ অংশে আজ সকাল থেকেই একটি নিরাপত্তারক্ষীদের একটি যৌথ দল অভিযান চালাচ্ছিল।

উভয় পক্ষের মধ্যেই ব্যাপক গুলি বিনিময় হয়। সংঘর্ষের শেষে একটি বন্দুক সহ অই মৃত মাওবাদীর দেহ উদ্ধার করা হয়। অভিযান এখন চলছে বলে পুলিশ সূত্রের খবর।

***********************

রাষ্ট্রসংঘের মহাসচিব অ্যান্টোনিও গুতারেজ, কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে আসন্ন আন্তর্জাতিক শিখর বৈঠকে ভারতের নেতৃত্বের প্রশংসা করে বলেছেন, কৃত্রিম বুদ্ধিমত্তা আন্তর্জাতিক সম্পর্কের রূপরেখা তৈরীর ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নিচ্ছে। প্রযুক্তির দ্রুত উদ্ভাবনের চ্যালেঞ্জ ও সুযোগ, পূর্ণমাত্রায় পরীক্ষা করে দেখতে, দেশগুলিকে এগিয়ে আসতে হবে বলে তিনি মন্তব্য করেন।

নতুন দিল্লিতে আগামী ১৯ এবং বিশে ফেব্রুয়ারী ভারত-কৃত্রিম বুদ্ধিমত্তার শীর্ষ বৈঠক ২০২৬ –এর আয়জন করা হয়েছে। রাষ্ট্রসংঘের মহাসচিব সেখানে উপস্থিত থাকবেন।

***********************

মার্কিন যুক্তরাষ্ট্রে, ২০২৪ সালের নির্বাচনের কয়েক সপ্তাহ আগে ট্রাম্প ইন্টারন্যাশনাল গল্ফ ক্লাবে ডোনাল্ড ট্রাম্পকে হত্যার চেষ্টার ঘটনায় দোষী সাব্যস্ত রায়ান রাউথকে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়েছে। আদালতের রায়দানের পর নিজেকে ছুরি দিয়ে আঘাত করার চেষ্টা করলে মার্শালরা তাকে আটকে দেন।

***********************

মহিলাদের প্রিমিয়ার লিগ ক্রিকেটের ফাইনালে আজ রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর মুখোমুখি হবে দিল্লী ক্যাপিটালস। ভদোদরার বিসিএ স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যে সাড়ে সাতটায়। বেঙ্গালুরু দ্বিতীয় বারের জন্য প্রিমিয়ার লিগ খেতাব জয়ের লক্ষ্যে খেলতে

নামবে। অন্যদিকে দিল্লী এর আগে তিন বার ফাইনালে উঠেও জয় নিশ্চিত করতে পারেনি। ভারতের ক্রিকেট নিয়ন্ত্রক সংস্থা বিসিসিআই এবারের মহিলাদের প্রিমিয়ার লিগের জন্য ১০ কোটি টাকার পুরস্কার ধার্য করেছে।

*****************************************************************